গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

নং-৩৫.০০.০০০০.০৩২.০৬.০১০.১৮-৪৪ তারিখঃ ২২-০১-২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে গত ১৪ জানুয়ারি ২০১৯ তারিখে এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২২/১/১৯
(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট/আইন/কানেক্টিভিটি/বিআরটিসি/এস্টেট/প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
৪। চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
৫। চেয়ারম্যান, বিআরটিসি, মতিঝিল, ঢাকা
৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
৭। যুগ্ম-প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮। মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
৯। মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১০। ডিআইজি, হাইওয়ে পুলিশ, ৩৪, শাহজালাল এভিনিউ, সেক্টর -৪, উত্তরা, ঢাকা-১২৩০
১১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/গোপালগঞ্জ জোন ও মেকানিকেল, সওজ অধিদপ্তর
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও পিপিপি সেল প্রধান, সওজ অধিদপ্তর, ঢাকা
১৩। প্রকল্প পরিচালক, সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ), সওজ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১৫। প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-১ , ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
১৬। প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
১৭। প্রকল্প পরিচালক, বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ, সড়ক গবেষণাগার, ঢাকা
১৮। প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট বাসা নং-৪ (তয় তলা), রোড নং-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
১৯। প্রকল্প পরিচালক, **SASEC Road Connectivity**: Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4)
২০। প্রকল্প পরিচালক, সাসেক সংযোগ সড়ক-২ : হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, সড়ক ভবন, তেজগাঁও,ঢাকা
২১। প্রকল্প পরিচালক, ২য় কাঁচপুর, মেঘনা, গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু সমুহের পুনর্বাসন প্রকল্প, বনানী, ঢাকা
to 4- lane Highway, হাউজ নং-১২৭, সড়ক নং-২, ব্লক-এ নিকেতন, গুলশান, ঢাকা-১২১২
২২। প্রকল্প পরিচালক, TA for Sub Regional Road Transport Project Preparatory Facility প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা
২৩। প্রকল্প পরিচালক, TA for Detailed Study & Design of Dhaka-Chattagong Express Way on PPP Basis, ১৩২ নিউ বেইলী, রোড, শান্তি নগর, ঢাকা।
২৪। প্রকল্প পরিচালক, ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রকল্প (ডব্লিউবিবিআইপি),সেতু ভবন, বনানী, ঢাকা
২৫। প্রকল্প পরিচালক, মাতারবাড়ি কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ, সেতু ভবন, বনানী, ঢাকা
২৬ । প্রকল্প পরিচালক, ডিটিসিএ এর সক্ষমতাবৃদ্ধিকরণ, নগর ভবন, ঢাকা
২৭। প্রকল্প পরিচালক, ইনট্রিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট, নগর ভবন, ঢাকা
২৮। প্রকল্প পরিচালক, ক্রস-বর্ডার রোড নেটওয়্যাক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), বাড়ী নং-১০, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা
২৯। প্রকল্প পরিচালক, বিআরটিসি'র জন্য বাস সংগ্রহ, বিআরটিসি ভবন, মতিঝিল, ঢাকা
৩০। প্রকল্প পরিচালক, বিআরটিসি'র জন্য ট্রাক সংগ্রহ, বিআরটিসি ভবন, মতিঝিল, ঢাকা
৩১। প্রকল্প পরিচালক, তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ, গড সাহেব রোড, হিলটপ, রহমতগঞ্জ, চট্টগ্রাম
৩২। প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বাংলাদেশ সেতু কর্তপক্ষ অংশ), সেতু ভবন, বনানী ঢাকা
৩৩। প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (এলজিইডি অংশ), এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা
৩৪। প্রকল্প পরিচালক, "আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চারলেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ" সড়ক ভবন

৩৫। প্রকল্প পরিচালক, ৮ম বাংলাদেশ -চীন মৈত্রী সেতু নির্মাণ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৩৬। প্রকল্প পরিচালক, নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা
৩৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সওজ অধিদপ্তর, ঢাকা
৩৮। নির্বাহী প্রকৌশলী, কার্যক্রম বিভাগ, সওজ অধিদপ্তর, ঢাকা

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'লঃ</u>

১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (নোটিশটি সংযুক্তিসহ অদ্যই এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫-৬। অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

## ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ওবায়দুল কাদের এমপি<br>মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৪ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১টা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থাপনা :

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, গত ৮ জানুয়ারি ২০১৯ তারিখে মাননীয় মন্ত্রী কতিপয় গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন। এর মধ্যে সড়ক ও পরিবহনে শৃংখলা, সড়ক ও মহাসড়কের মানসম্মত কাজ নিশ্চিতকরণ, নির্ধারিত সময়ে উন্নয়ন কার্যক্রম সমাপ্তকরণ, মন্ত্রণালয়সহ প্রতিটি সংস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ যাতে দুর্নীতি এ মন্ত্রণালয়ের সাথে সমার্থক না হয়। উল্লিখিত নির্দেশনাসমূহের ধারাবাহিকতায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সভা আহবান করা হয়েছে। চলতি অর্থবছরে এ বিভাগের আওতায় ১৮৯টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। তন্মধ্যে ১৬০টি জিওবি অর্থায়নে, ১৬টি প্রকল্প সাহায্যে এবং ১২টি কারিগরী সহায়তা প্রকল্প। এ প্রকল্পগুলোর অনুকূলে ২০,১৮৯.২৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে। সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সংস্থা প্রধানগণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাদের বক্তব্য উপস্থাপন করেন। অতঃপর মাননীয় মন্ত্রী নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করেন:

২. আলোচনা ও নির্দেশনা

| আলোচ্য বিষয় | নির্দেশনা | কার্যক্রম গ্রহণে |
|---|---|---|
| ১. জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিল পুনর্গঠন এবং সড়ক নিরাপত্তা কাউন্সিল ও সড়ক পরিবহন উপদেষ্টা পরিষদের সভা আহ্বান | সড়ক নিরাপত্তা কাউন্সিল পুনর্গঠন করে এ কাউন্সিলকে সভা আহ্বান করতে হবে। সেই সাথে সড়ক পরিবহন উপদেষ্টা পরিষদের সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান বিআরটিএ |
| ২. ডিটিসিএ'র সভা আহ্বান | ডিটিসিএ পুনর্গঠনপূর্বক সভা আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক ডিটিসিএ |
| ৩. অবৈধ দখলদার উচ্ছেদ | মূল মহাসড়কে নির্বিঘ্নে যাতায়াতের স্বার্থে যাবতীয় অবৈধ দখলদারদের ধাপে ধাপে উচ্ছেদের উদ্দেশ্যে কমপক্ষে ৭দিনের নোটিশ দিয়ে উচ্ছেদ কার্যক্রম শুরু করতে হবে। এছাড়া, মহাসড়কের পার্শ্বে পৌরসভা/সিটি কর্পোরেশন/অন্য কোনো সংস্থা কর্তৃক স্তূপকৃত ময়লা সর্বোচ্চ ৭ দিনের নোটিশ প্রদান করে অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট সড়ক বিভাগ |
| ৪. জাতীয় মহাসড়কে যাবতীয় থ্রি-হইলার চলাচল বন্ধকরণ | ২০১৫ সালের আগস্ট মাসে মন্ত্রণালয় হতে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ২২টি জাতীয় মহাসড়কে যাবতীয় থ্রী-হইলার চলাচল বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া, ব্যাটারী চালিত থ্রি-হইলার ও রিকসা, নছিমন, করিমন, ভটভটি ইত্যাদি যানবাহন জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে চলাচল সম্পূর্ণরূপে বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে যে আইন রয়েছে তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | বিআরটিএ এবং হাইওয়ে পুলিশ |
| ৫. বিআরটিএ'র বদলী গাইড লাইন বাস্তবায়ন | বিআরটি'কে অধিকতর গতিশীল এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে বিআরটিএ'কে দুর্নীতিমুক্ত করতে হবে। এরই ধারাবাহিকতায় ৩ বছর বা ৩ বছরের অধিক সময় পদায়নকৃত কর্মকর্তা /কর্মচারীকে বদলী করার দ্রুত ব্যবস্থা নিতে হবে। এ লক্ষ্যে বিআরটিএ'র জন্য প্রণীত বিদ্যমান বদলী গাইড লাইন অনুসরণ করতে হবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | চেয়ারম্যান বিআরটিএ |

| | | |
|---|---|---|
| ৬. বিবিআইএন এর বাস্তবায়ন | বাংলাদেশ-ভুটান-ইন্ডিয়া-নেপাল এর সড়ক নেটওয়ার্ক স্থাপনের লক্ষ্যে বিবিআইএন এগ্রিমেন্ট বাস্তবায়নের জন্য ভুটান যাতে উক্ত এগ্রিমেন্ট Ratify করে এবং নেপালের কেবিনেটের কাছে দীর্ঘ দিন পেন্ডিং Letter of exchange (LoE) যাতে অনুমোদন করা হয় সে বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে কার্যকরী উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানাতে হবে। | অতিরিক্ত সচিব (কানেক্টিভিটি) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ৭. মহাসড়ক মেরামত, নির্মাণ/ পুনঃনির্মাণ | যে সকল সড়ক ও মহাসড়কে পটহোলস, ভাঙ্গা, ক্র্যাক, উচুঁনীচু এবং বেহাল অবস্থায় রয়েছে তা বর্ষা শুরু হওয়ার পূর্বেই মেরামতের কার্যকরী উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় যাতে জনসাধারণের চলাচল নির্বিঘ্ন নিশ্চিত করা যায়। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | ঢাকা-সিলেট মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণের কাজ দ্রুত শুরু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | কুমিল্লা-লাকসাম মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ এবং প্রয়োজনীয়তার নিরিখে বাইপাস নির্মাণের উদ্যোগ গ্রহণ | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | যশোর-খুলনা, যশোর-কুষ্টিয়া, যশোর-সাতক্ষীরা, যশোর-নড়াইল মহাসড়কসমূহে নির্বিঘ্নে যান চলাচল নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | গোপালগঞ্জ-ফরিদপুর. গোপালগঞ্জ-পয়সারহাট মহাসড়কসহ বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, ঝালকাঠি, পিরোজপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, বাগেরহাট সড়ক বিভাগে যে সকল সড়কে গর্ত, পটহোলস এবং ভাঙ্গা রয়েছে তা নতুন করে ডিজাইনপূর্বক মেরামতের কার্যকরী ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়কের ৬ ফুট বর্ধিতকরণ দ্রুত সম্পন্ন করতে হবে এবং এই মহাসড়কটি ৪-লেনে উন্নীতকরণের কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | দিনাজপুর সার্কেল, রাজশাহী-নাটোর, -রাজশাহী-চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী-নওগাঁ, নওগাঁ-নাচল এবং পাবনা-সিরাজগঞ্জ মহাসড়ক বর্ষা শুরু হওয়ার পূর্বেই মেরামত/সংস্কার এবং বর্ধিতকরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | ভৈরব-কিশোরগঞ্জ মহাসড়কটি সম্পূর্ণরূপে যান চলাচলে উপযোগী নয়। বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বেই যান চলাচলের উপযোগী করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | ফেনী-সোনাগাজী, রায়পুর-শাহারাস্তি, হাজিগঞ্জ-লক্ষ্মীপুর মহাসড়কে এবং মেঘনা ব্রিজ দিয়ে যেন নির্বিঘ্নে যানবাহন চলাচল করতে পারে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে, প্রয়োজনীয় সংস্কার, মেরামত, নির্মাণ ও পুনঃনির্মাণের ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| | চট্টগ্রাম-কক্সবাজার সড়ক এবং মাতামুহরী ব্রিজের উপর দিয়ে যানবাহন চলাচলের উপযোগী রাখার স্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৮. পার্বত্য জেলাসমূহের সড়কের উন্নয়ন | খাগড়াছড়ি-রাঙ্গামাটি-বান্দরবান মহাসড়কটি প্রশস্তকরণসহ এ সড়কে বিদ্যমান ৪২টি ব্রিজ পুনঃনির্মাণের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | সড়ক ও জনপথ অধিদপ্তর এবং ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড, চট্টগ্রাম |
| | সিন্দুকছড়ি-মহালছড়ি সড়কে কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করা এবং অবশিষ্ট কাজ সমাপ্ত করার জন্য ২য় পর্যায়ে ডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| | থানচি-আলীকদম সড়কের সরু রাস্তা প্রশস্তকরণ ও বিদ্যমান ব্রিজ প্রতিস্থাপন, বান্দরবান-থানচি সড়ক প্রশস্তকরণ ও বিদ্যমান বেইলী ব্রিজ প্রতিস্থাপন এবং বান্দরবান-রুমা সড়কটি পুন:নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে। | |
| ৯. মেরিন ড্রাইভ | কক্সবাজারকে পর্যটকদের কাছে আকর্ষণীয় এবং তাদের নিরাপত্তার লক্ষ্যে মেরিন ড্রাইভকে আরো আধুনিকায়ন করা প্রয়োজন। এজন্য মেরিন ড্রাইভ সড়কটি ১৮ফুট থেকে ৩২ ফুটে উন্নীতকরণ, টুরিস্ট বাসের ব্যবস্থাকরণ, রাস্তার দু'পাশে লাইটিং এর ব্যবস্থা, টয়লেট সুবিধাসহ বিনোদনের ব্যবস্থাকরণ এবং বিদ্যমান ব্রিজগুলো প্রশস্তকরণের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন করতে হবে। | সড়ক ও জনপথ অধিদপ্তর এবং ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড, চট্টগ্রাম |
| ১০. ডিপিপি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিতকরণ | মিসিং লিংক রোড প্রকল্প এবং সায়মন-শৈবাল পর্যন্ত ওয়াকওয়ে প্রকল্পসহ যে সকল প্রকল্প পরিকল্পনা কমিশনে অনুমোদনের অপেক্ষায় রয়েছে তা দ্রুত অনুমোদন করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ১১. মেট্রোরেল (লাইন-৬) | ডিসেম্বর ২০১৯ এর মধ্যে আগারগাঁও পর্যন্ত এবং ডিসেম্বর ২০২০ এর মধ্যে | ব্যবস্থাপনা পরিচালক |

| | | |
|---|---|---|
| ...লুকরণ | মতিঝিল পর্যন্ত কাজ সমাপ্ত করতে হবে। | ডিএমটিসিএল |
| ১২. মেট্রোরেল (লাইন-১ ও ৫) কাজ শুরুকরণ | ভূমি অধিগ্রহণ, ডিটেইল্ড ডিজাইন এবং পুনর্বাসন প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে জুন ২০১৯ এর মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক ডিএমটিসিএল |
| ১৩. সাসেক সংযোগ সড়ক প্রকল্প বাস্তবায়ন | নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে এবং এ প্রকল্পের আওতায় দু'টি রেলওয়ে ওভারপাস উদ্বোধনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী'র নিকট সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ১৪. বিআরটিসি কার্যক্রম গতিশীলকরণ | এলওসি প্রকল্পের আওতায় বাস-ট্রাক সংগ্রহের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। ডিপো ম্যানেজারসহ বিআরটিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান বিআরটিসি |
| ১৫. পোস্তগোলা বুড়িগঙ্গা সেতু টোল সংক্রান্ত | বাবুবাজার বুড়িগঙ্গা সেতুর ন্যায় পোস্তগোলা বুড়িগঙ্গা সেতুটিও টোলমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | প্রধান প্রকৌশলী সওজ অধিদপ্তর |
| ১৬. সংশোধিত বাজেটে অতিরিক্ত বরাদ্দ চাহিদা | চলতি অর্থবছরে ৫০টি নতুন প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। আরো বেশ কিছু নতুন প্রকল্প অনুমোদিত হবে বিধায় সংশোধিত এডিপি'তে অতিরিক্ত প্রায় ২৫০০ কোটি টাকা প্রয়োজন হবে। তাছাড়া, সড়কের রক্ষণাবেক্ষণের জন্য পিএমপি বাজেটে অতিরিক্ত ৫০০ কোটি টাকার প্রয়োজন হবে। এক্ষেত্রে এ বিভাগের সংশোধিত বাজেটে ৩০০০ কোটি টাকার অতিরিক্ত প্রয়োজন। এ লক্ষ্যে অর্থ বিভাগে একটি ডি.ও পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) |

৩. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.০১.০১৮

(ওবায়দুল কাদের এমপি)
মন্ত্রী